# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the
Additional Director General (Planning)
Block-F, Level-5, Pani Bhaban,
Green Road, Dhaka
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০৬.২১-১৯০ তারিখঃ ২৬-১২-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

"গাইবান্ধা জেলার সদর ও সুন্দরগঞ্জ উপজেলার গোঘাট ও খানাবাড়ীসহ পার্শ্ববর্তী এলাকা যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় চলমান নদী তীর সংরক্ষণ কাজের শ্রীপুর অংশের উজানে, কাপাসিয়া অংশের ভাটিতে এবং হরিপুর অংশের উজানে ভাঙ্গন কবলিত এলাকা রক্ষার্থে প্রকল্পের আওতায় নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের যৌক্তিকতা নির্ধারণসহ অন্যান্য উদ্ভূত সমস্যা সমাধানকল্পে পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সম্ভাব্যতা যাচাইপূর্বক সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরির জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মুঃ আব্দুর রাকিব, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সহ প্রধান (কৃষি), পরিকল্পনা-২, পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৫। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বাস্তবায়নাধীন প্রকল্পটির আওতায় চলমান নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের যৌক্তিকতা নির্ধারণসহ অন্যান্য উদ্ভূত সমস্যা সমাধানকল্পে পরবর্তী কার্যক্রম গ্রহণের যৌক্তিকতা নির্ধারণ করে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

গ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক অনুমোদিত নকশার ভিত্তিতে যথার্থতা নিরূপণ করে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঘ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৬/১২/২১
(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
২। জনাব মুঃ আব্দুর রাকিব, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সহ প্রধান (কৃষি), পরিকল্পনা-২, পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।
৫। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৬। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ রংপুর।
৪-৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১/ পরিকল্পনা-২/ রংপুর পওর সার্কেল-১, বাপাউবো, ঢাকা/ রংপুর।
৭। সিস্টেম টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৯-১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।